

You are giving new lives to the Underprivileged Autistic Children.



House # 27, Road # 05, Sector # 13
Uttara, Dhaka-1230, Bangladesh

Contact Us: +880 1833 34 22 44

Visit our website: AlokitoPoth.com

Sustain Life Assistance



২০১৮ সালের জানুয়ারি মাসের ঘটনা। ঢাকার উত্তরা ১২ নম্বর সেক্টর সংলগ্ন এক বস্তির পাশ দিয়ে যাচ্ছিলাম আমরা। দেখলাম ৮ বছরের একটা বাচ্চাকে কারা যেন বৈদ্যুতিক খুঁটিতে বেঁধে রেখেছে। আর অন্য কয়েকজন বাচ্চা জট পাকিয়ে এই ছোট বাচ্চাটিকে গালাগালি করছে। এমনকি থুতুও দিচ্ছে গায়ে। চমকে উঠলাম আমরা! কেন এমন হবে?

It is an incident from January 2018. We were passing by a slum adjacent to the Uttara Sector 12 of Dhaka. We saw an 8 year-old child tied to an electric pole. And some other kids are messing around and humiliating this little kid. Even they are spitting. We were surprised! Why would that be?

Free Treatment & Therapeutic Rehabilitation



বাচ্চাটির হাতের বাঁধন খুলতে খুলতে জানতে পারলাম যে সে একজন অটিস্টিক শিশু বা বিশেষ শিশু। তার অপরাধ সে অন্য দশটা বাচ্চার মত সহজ স্বাভাবিকভাবে সবার সাথে মিশতে পারে না। তার মা রাস্তার একটি ভাতের হোটেলে রান্নাবান্নার কাজ করে। ছেলেটির বাবা রোড এক্সিডেন্টে মারা গেছেন। সে বিরক্ত করে বলেই তাকে বৈদ্যুতিক খুঁটিতে বেঁধে রাখা হয়েছে।

After untying the child's handcuffs, we found out that he is an autistic child (special child). His fault is that he doesn't get along with everyone as easily as the other kids do. His mother works as a cook at a rice hotel across the street. The boy's father died in a road accident. He is tied to an electric pole because he disturbs.

Free Education



এই বিশেষ শিশুদেরকে নতুন সুস্থ জীবন দেওয়ার মানবিক তাগাদা থেকে আলোকিত পথ চ্যারিটি প্রতিষ্ঠান এর সৃষ্টি। বাংলাদেশে একমাত্র আমরাই সম্পূর্ণ বিনামূল্যে ২০১৮ সালের জানুয়ারি মাস থেকে অতি দরিদ্র অটিস্টিক এবং প্রতিবন্ধী শিশুদের চিকিৎসা, খাদ্য সামগ্রী এবং শিক্ষা দিয়ে আসছি। ওদেরকে নিয়ে কাজ করা অনেক বেশী কষ্টসাধ্য এবং চ্যালেঞ্জিং।

Alokito Poth Charity Organization was founded out of this humanitarian desire to give these special children a new healthy life. We are the only one organization in Bangladesh who has been giving treatments, food stuffs and education to the very poor autistic and disabled children completely free since January 2018. Working with them is much more difficult and challenging.

Awareness & Training



আমাদের এখানে বর্তমানে চিকিৎসাসেবা নিচ্ছে ৫২ জন শিশু এবং অপেক্ষমান আছে ১২৮ জন। আমাদের স্কুলে লেখাপড়া করছে ৩২ জন বিশেষ চাহিদা সম্পন্ন শিশু। সেই সাথে প্রতিমাসে আমরা অটিজমে আক্রান্ত ৭১ জন শিশুর পরিবারকে খাদ্য সামগ্রী প্রদান করছি। তা না হলে, হয় এই ছোট ছোট শিশুরা ভিক্ষা করতে নতুবা বাসায় বন্দী থাকতো। এই শিশুদের পরিবারের কারো বাবা রিকশা চালান, কারো মা বাসা বাড়িতে কাজ করেন।

We currently have 52 children under our treatment facilities and 128 are in waiting. At present 32 children with special needs are studying in our school. Also, every month we are providing food items to the families of 71 children with autism. Otherwise, these tiny little children would have either begged or remained locked up at the home. Some of these children's father drive rickshaws, some mothers work from home to home.

Assistive Device



সমাজসেবা অধিদপ্তরে আমরা নিবন্ধিত হই ২০১৯ সালের জানুয়ারি মাসে। যার নিবন্ধন নাম্বার ঢ-০৯৭৫৬। চিকিৎসা দেওয়ার পাশাপাশি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বাবা মায়েরও প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যাতে এই শিশুরা অতি দ্রুত সুস্থ স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে। সেইসাথে প্রতিবন্ধী শিশুদের চলাফেরা করার জন্য বিভিন্ন ধরনের সহায়ক ডিভাইস প্রদান করছি আমরা।

We are registered in the Directorate of Social Services in the month of January 2019. Whose registration number is Dha-09756. Apart from the treatments, parents of the children with special needs are also being trained. So that these children can return to a healthy normal life very quickly. We are also providing various types of assistive devices for the mobility of the disabled children.

Free Medical Check Up



বিনীত অনুরোধ, এই মহৎ কাজে আপনি আমাদের পাশে থাকুন। আপনি অথবা আপনার প্রতিষ্ঠান প্রতিমাসে বা বার্ষিকভাবে, যাকাত কিংবা এককালীন অনুদানের মাধ্যমে এই অসহায় ও দরিদ্র অটিস্টিক শিশুদেরকে সুস্থ করে তুলতে পারেন। আপনার মহৎ হৃদয়ের মাধ্যমেই বদলে যাবে তাদের জীবন।

Humble and kind request to you to be our collaboration partner in this noble cause. You or your organization can help these helpless and poor autistic children by monthly or annually contribution through zakat or one-time donations. Their lives will change through your great heart. You are giving them new lives.



পবিত্র কোরআনে আল্লাহ তা'আলা ঘোষণা করেছেন “তোমরা যে ব্যয়ই কর কিংবা যে কোন মানত কর, আল্লাহ নিশ্চয়ই তা জানেন” (সূরা আল-বাকারাহ, আয়াত: ২৭০)

You are making a profound difference in the lives of those who need it most.



Visit our website: AlokitoPoth.com